কুষ্টিয়ায় ট্রাকের চাপায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালতলা এলাকা থেকে ট্রাকের চাপায় হসাইন মাল (১৮) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় ট্রাকটি আটক করেছে মিরপুর থানা পুলিশ।

মঙ্গলবার (২ মে) বিকাল সাড়ে ৫টার সময় কুষ্টিয়া-মেহেরপুর সড়কের মিরপুর বাসস্ট্যান্ডের সন্নিকটে তালতলা নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত হোসাইন মাল মিরপুর উপজেলার অঞ্জনগাছি গ্রামের জামাল হোসেন মালের ছেলে।

এ বিষয়ে মিরপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো: রফিকুল ইসলাম বলেন, মঙ্গলবার মিরপুর বাজার এলাকা থেকে টাইস এর কাজ শেষ করে মোটরসাইকেল যোগে অঞ্জনগাছি এলাকায় বাড়ি ফিরছিলো হোসাইন। পথিমধ্যে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের তালতলা নামক স্থানে মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী একটি মালবাহী ট্রাকের সাথে ধাক্কা লেগে পড়ে গিয়ে ট্রাকের চাকায় পৃষ্ট হয় হোসাইন। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। ট্রাকটি উদ্ধার করে করা হয়েছে। তবে ট্রাকের ড্রাইভার ও হেলপার পলাতক রয়েছে।

কুষ্টিয়ায় সাহিত্য-সংস্কৃতি ও শিক্ষা মেলার উদ্বোধন

কুষ্টিয়া রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্যাপন উপলক্ষে ১০দিনব্যাপী বর্ণাঢ্য আয়োজনে ‘সাহিত্য-সংস্কৃতি ও শিক্ষা মেলা-২০২৩’ এর উদ্বোধন হয়েছে।

আজ মঙ্গলবার (২ মে) সকাল ১০টায় কুষ্টিয়া শহরের ক্যাম্পাসে জাতীয় সেমিনার আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. শহীদুর রহমানের

সভাপতিত্বে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর শাজাহান আলী।

সমকালীন প্রাসঙ্গিকতার গুরুত্ব বিবেচনায় রবীন্দ্র চর্চার গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে প্রবন্ধ উপস্থাপন করেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।

পরে ‘একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় রবীন্দ্র চর্চা’ শির্ষক জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি ও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. রাশিদ আসকারী ছাড়াও বক্তব্য রাখেন- রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উপদেষ্টা অধ্যাপক ড. আ ন ম রেজাউল করীম প্রমুখ।

দ্বিতীয় অধিবেশনে প্রবন্ধ উপস্থাপন করেন ভারত থেকে আগত লেখক ও গবেষক ইন্দ্রনাী চট্টোপাধ্যায়, কবি ও আবৃত্তি শিল্পী আলম আরা জূঁই, ভারতের নদীয়া থেকে আগত মিনা সাহা ও স্বপন মৈত্র, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. মো. মহিবুল ইসলাম, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা লেখক ও গবেষক ইমাম মেহেদী, কবি ও সাংবাদিক মামুন রশিদ, কবি গবেষক আলীনূর ইসলাম (বঙ্গ রাখাল), পরিবেশবিদ ও লেখক গবেষক গৌতম কুমার রায়।

কুষ্টিয়ায় ছোট ভাইয়ের শীলের আঘাতে বড় ভাইয়ের মৃত্যু

কুষ্টিয়ায় ছোট ভাই শহিদুল ইসলামের শীলের আঘাতে বড় রাশিদুল ইসলাম
(২৬) নামে এক ভাই নিহত হওয়ার খবর পাওয়া গেছে।

আজ সোমবার সকালের দিকে ইবি থানার শান্তিডাঙ্গা এলাকায় এ ঘটনা ঘটে। নিহত রাশিদুল ইসলাম ইবি থানাধীন শান্তিডাঙ্গা গ্রামের খবির মন্ডলের ছেলে।

নিহতের পরিবার স্বজনেরা জানায়, ছোট ভাই বাড়িতে গোসল করার জন্য

টিউবওয়েলের সাথে পানির মটর বসান। পরবর্তীতে গত রাতে টিউবওলেয়ের সাথে পানির মটরটি চুরি হওয়ায় বড় ভাই রাশিদুল ইসলামকে জিজ্ঞাসাবাদে দুই ভাইয়ের কথাকাটাটির সৃষ্টি হলে ঘরে পাশে থাকা মসলা বাটা পাটার শীল দিয়ে বড় ভাইকে আঘাত করলে ঘটনাস্থলে বড় ভাইয়ের মৃত্যু হয়। পরে স্থানীয়রা পুলিশকে খবর দিলে পুলিশ এসে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে প্রেরণ করেন।

এ বিষয়ে ইবি থানার ভারপ্রাপ্ত ওসি আননুর যাহিদ বিষয়টি নিশ্চিত করেছেন। তুচ্ছ ঘটনার জেরে তাকে হত্যা করেছে। হত্যার পর থেকে ছোট ভাই শহিদুল ইসলাম পলাতক আছে। তাকে আটকের চেষ্টা চলছে বলে তিনি জানান।

কুষ্টিয়ায় ইউএনও’র পরিচয় ব্যবহার করে চাঁদা দাবী

কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)’র পরিচয় ব্যবহার করে একটি প্রতারক চক্র বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন ব্যক্তিবর্গকে ফোন করে অর্থ দাবী করার অভিযোগ পাওয়া গেছে।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাসের পরিচয় দিয়ে একটি প্রতারক চক্র বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন ব্যক্তিবর্গকে ফোন করে বিভিন্ন প্রকল্প প্রদানের বিষয় উল্লেখ করে চাঁদাবাজির চেষ্টা করা হয়।

আজ রবিবার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস এ তথ্য নিশ্চিত করেছেন।

সদর উপজেলা গোস্বামী দুর্গাপুর ইউনিয়নের মুক্তিযোদ্ধা আব্দুল বারী বলেন, আমাকে একটা মোবাইল নাম্বর থেকে ফোন করে বলে, আমি উপজেলা থেকে বলছি। আপনার নামে একটা প্রজেক্ট পাশ হয়েছে। দুই লাখ ৯৫ হাজার টাকার চেক পাবেন উপজেলা থেকে। এজন্য কিছু খরচবাবদ বিকাশ

করে আপনাকে দিতে হবে। বিষয়টি সন্দেহ হলে তিনি উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারকে অবগত করেন।

উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মোশাররফ আলী জানান, মুক্তিযোদ্ধাদের কোন প্রকল্প বরাদ্দ নেই। অথচ প্রকল।পর নাম ভাঙ্গিয়ে উপজেলার বিভিন্ন ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের কাছে ফোন করে প্রতারনার মাধ্যমে টাকা দাবী করছে। বিষয়টি ইউএনওকে অবগত করেছি বলেও জানান তিনি।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস বলেন, বিভিন্ন প্রকল্প প্রদান করা হবে এবং এসব প্রকল্প পেতে টাকা লাগবে বলে একটি প্রতারক চক্র বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন ব্যক্তিবর্গকে কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)’র পরিচয় ব্যবহার করে অর্থ দাবী করে আসছে। বিষয়টি নিয়ে কয়েকজন আমাকে অবগত করলে এধরনের কোন লেনদেনে থেকে বিরত থাকার অনুরোধ করেছি।

সাধন কুমার বিশ্বাস আরো বলেন, মানুষ এখন বেশ সচেতন। তাই কেউ টাকা দিয়ে ক্ষতিগ্রস্ত হয়নি। এ বিষয়ে সকলকে সতর্ক থাকতে বলা হয়েছে। আমরা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক আমাদের উপজেলা প্রশাসনের পেজে সচেতনতামুলক পোষ্ট করেছি।

মিরপুরে এসএসসি পরীক্ষার্থীদের পানির বোতল ও কলম উপহার দিলো ছাত্রলীগ

কুষ্টিয়ার মিরপুরের আমলা-সদরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদেরকে কলম-স্কেলসহ বিভিন্ন শিক্ষা উপকরণ বিতরণ করেছে ছাত্রলীগ। পরীক্ষার্থীদের তৃষ্ণা নিবারণে দেওয়া হয়েছে বিশুদ্ধ পানিও।

রবিবার এসএসসি পরীক্ষা শুরুর প্রথম দিনে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত মিরপুরের আমলা-সদরপুর উচ্চ মাধ্যমিক

বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দিতে যাওয়া শিক্ষার্থীদের এসব উপহার দেওয়া হয়।

এই আয়োজনের উদ্যোক্তা মিরপুর উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন। তার সঙ্গে ছিলেন মিরপুর উপজেলা ছাত্রলীগের নেতা-কর্মীরা।

আসলাম আরেফীন জানান, শিক্ষার্থীদের মধ্যে ছাত্রনেতাদের সম্পর্কে ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও নেতা-কর্মীদের আচরণে কিছু পরিবর্তন আনার জন্য তারা এ উদ্যোগ নেওয়া হয়। পরীক্ষার্থীদের মাঝে তারা বিতরণ করেছেন ৫’শ কলম, ৩’শ বিশুদ্ধ খাবার পানির বোতল ও অন্যান্য শিক্ষা উপকরণ।

স্থানীয় ছাত্রলীগের এমন উদ্যোগকে স্বাগত জানিয়েছে পরীক্ষার্থীরা।

এসএসসি পরীক্ষার্থী আমিন ও গোলাম মোস্তফার মতে, ছাত্রনেতাদের উদ্যোগ থাকতে হবে এমন পরিচ্ছন্ন ও স্পষ্ট। যা থেকে তরুণরা রাজনীতিতে উৎসাহিত হবে।

আমলা-সদরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, পরীক্ষাকেন্দ্র থেকে নির্দিষ্ট দূরত্বে অবস্থান করে ছাত্রলীগের নেতা-কর্মীরা এসব কর্মসূচি পালন করেছে। এতে পরীক্ষায় কোনো বিঘ্ন ঘটেনি।

কুষ্টিয়ায় নকল কসমেটিকস তৈরির অপরাধে দেড়লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় নকল কসমেটিকস তৈরির অপরাধে ইলিয়াস শাহ নামে এক ব্যবসায়ীকে এক লাখ ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি লক্ষাধিক টাকার ভেজাল কসমেটিকস ধ্বংস করা হয়।

গতকাল বুধবার দুপুরে র্যাব-১২ এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয় হতে যৌথভাবে কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়া এলাকায় যৌথ অভিযান পরিচালনা করা হয়।

যৌথভাবে এ অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল এবং র্যাব-১২ এর কোম্পানি কমান্ডার স্কোয়াড্রন লিডার মোহাম্মদ ইলিয়াস খান।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, গোপন সংবাদের ভিত্তিতে শহরের আড়ুয়াপাড়া আব্দুল জব্বার সড়কে মেসার্স চাঁদের পরী প্রোডাক্টসে গিয়ে দেখা যায় সেখানে বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ মিশিয়ে ভেজাল ও অনুমোদনহীন উৎপাদন ও বিক্রয় করা হচ্ছে। পাশাপাশি বিএসটিআই কর্তৃক নিষিদ্ধ পাকিস্তানের গৌরি স্কিন ক্রিমের নকল করা হচ্ছে। মেসার্স চাঁদের পরী প্রোডাক্টসের সত্ত্বাধিকারী জনাব ইলিয়াস শাহ কে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৫০ ধারা মোতাবেক ১লাখ ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি লক্ষাধিক টাকার ভেজাল কসমেটিকস ধ্বংস করা হয়। জনস্বার্থে এ কার্যক্রম চলমান থাকবে বলেও জানান তিনি।

অভিযানের সার্বিক সহযোগিতা করেন কুষ্টিয়া সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর সুলতানা রেবেকা নাসরীন।

কুষ্টিয়ার মিরপুরে দশ হাজার মানুষের মাঝে শাড়ী লুঙ্গি বিতরণ

কুষ্টিয়ার মিরপুরে ঈদ-উল-ফিতর উপলক্ষে দশ হাজার নারী পুরুষকে ঈদের পোশাক তুলে দিয়েছেন মিরপুর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফিন।

অসহায় মানুষের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে প্রতি বছরের মত এবারো তিনি ব্যক্তিগত উদ্যোগে অসহায় নারী-পুরুষের মাঝে এ ঈদ বস্ত্র বিতরণ করেন।

গতকাল বুধবার সকালে মিরপুর উপজেলার আমলা পানি উন্নয়ন বোর্ডের

আমবাগানে এ উপহার সামগ্রী বিতরণের উদ্বোধন করেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন ও তাঁর মা আলহাজ্ব খোদেজা বেগম।

এ সময় উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা চেয়ারম্যান কামারুল আরেফিনের সহধর্মীনি শামসুন্নাহার সেফালি আরেফিন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোযার্দার, কুষ্টিয়া প্রেসক্লাবের সভাপতি আল মামুন সাগর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, উপজেলা আওয়ামী লীগের সদস্য সামসুল আরেফিন অমূল্যসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন বলেন, ঈদের খুশি ভাগাভাগি করে নেওয়াটাই সবচেয় বড় আনন্দের বিষয়। আমি চাই সব সময় অসহায় মানুষদের পাশে দাঁড়াতে এবং তাদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে। অসহায় মানুষগুলো শাড়ি, লুঙ্গী এবং পাঞ্জাবী পাওয়ার পরে তাদের খুশিটা আমার কাছে সবচেয়ে দামী।

তিনি বলেন, যখন আমি সদরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলাম সেসময় আমার মা জননী আমাকে বলেছিলেন মানুষের জন্য কিছু করতে, মানুষকে সেবা করতে। সেই থেকে শুরু করেছি মানবসেবা, মানুষের কল্যাণে আমি কাজ করি। ৯ বছর ধরে আমি মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান। শুরু থেকেই প্রতি রমজানে গোটা উপজেলার দশ হাজার মানুষের মাঝে শাড়ী লুঙ্গি উপহার হিসেবে তুলে দেই। এছাড়াও পার্শ্ববর্তী উপজেলার মানুষও ছুটে আসে এখানে।

বিতরণকৃত বস্ত্র সামগ্রীর মধ্যে ছিল ৮হাজার ৪শ পিস শাড়ি, ১ হাজার পিস লুঙ্গি এবং ৬ শ ৫০ পিস পাঞ্জাবী।

কুষ্টিয়ায় আগুনে পুড়ে ছাই হয়ে গেল একশ বিঘারও বেশি পানের বরজ

কুষ্টিয়ার মিরপুরে আগুনে পুড়ে ছাই হয়ে গেছে একশ বিঘারও বেশি পানের বরজ। গতকাল বুধবার দুপুরে উপজেলার পোড়াদহ ইউনিয়নের

আহাম্মদপুর ও বেলগাছী গ্রামে ভয়াবহ এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে মিরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট প্রায় আড়াই ঘণ্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে।

কৃষক আব্দুল মান্নান বলেন, দুপুর দেড়টার দিকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ১০ মিনিটের মধ্যে পুরো মাঠে আগুন ছড়িয়ে পড়ে। একশ বিঘার ওপরে পানের বরজ পুড়ে গেছে। সব পানের বরজ পুড়ে গেছে। কোটি টাকার ক্ষতি হয়েছে বলেও জানান তিনি।

ক্ষতিগ্রস্ত কৃষকরা বলেন, হঠাৎ পানের বরজে আগুন দেখতে পাই আমরা। কিছুক্ষণের মধ্যে আগুন পার্শ্ববর্তী ক্ষেতগুলোতেও ছড়িয়ে পড়ে। ১০০ বিঘা পানের বরজ পুড়ে ছাই হয়ে গেছে। আমরা সরকারের সহযোগিতা চাই।

মিরপুর ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের স্টেশন কর্মকর্তা সবুজ হোসেন বলেন, পানের বরজে অগ্নিকাণ্ডের ঘটনার খবর পেয়ে মিরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছায়। দুটি ইউনিটের চেষ্টায় প্রায় আড়াই ঘণ্টা পর আমরা আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হই। ক্ষয়ক্ষতির পরিমাণ তদন্ত করে জানানো হবে। তিনটি ঘর ও প্রায় ১০০ বিঘার ওপরে পানের বরজ পুড়ে গেছে। আগুনের সূত্রপাতের বিষয়টি এখনো জানা যায়নি।

গতকাল দুপুরে এই এলাকার বেলগাছী গ্রামের পানের বরজসহ বসতবাড়ীতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে আটটি পরিবার খোলা আকাশের নিচে মানবেতর জীবনযাপন করছে।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করে ক্ষতিগ্রস্ত পরিবারকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আবদুল হালিম, উপজেলা ভারপ্রাপ্ত ইউএনও হারুন অর রশীদ।

বিশিষ্ট ব্যাবসায়ী আবু হাসান লিটনের উদ্যোগে ইফতার বিতরণ

রোটারী ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট ও কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সাংগঠনিক সম্পাদক বিশিষ্ট ব্যাবসায়ী আবু হাসান লিটনের ব্যাক্তিগত উদ্যোগে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে।

গতকাল কুষ্টিয়া শহরতলীর বিভিন্ন এলাকায় শতাধিক ইফতার সামগ্রীর প্যাকেটের বিতরণ করা হয়।
কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন ও সাংগঠনিক সম্পাদক আবু হাসান লিটনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সংগঠনের বেশ কয়েকজন সদস্য প্রতিদিন ইফতারের আগ-মুহুর্তে পৌঁছে দিচ্ছেন ইফতারে প্যাকেট। প্রতি প্যাকেটে পানির বোতলসহ মুড়ি, ছোলা, পেঁয়াজু, বুন্দিয়া, বেগুনি, আলুর চপ, জিলাপি, খেজুর ও অন্যান্য ফল রাখা হয়।

রোটারী ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট ও জেলা তাঁতী লীগের সাংগঠনিক সম্পাদক আবু হাসান লিটন বলেন, এবছর ইফতারের শুরু থেকেই আমরা বিভিন্ন প্রতিষ্ঠানের আশেপাশের মসজিদ ও অসহায় দুস্থদের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করে থাকি। এই রমজানের শুরুতেই এইভাবে প্যাকেট করা ইফতার সামগ্রী ইফতারের আগ মুহূর্তে রাখার উদ্যোগ নিয়েছি। এতে করে সুবিধাবঞ্চিত মানুষের কিছুটা হলেও উপকারে আসবে। এটি পুরো রমজান জুড়েই চলমান থাকবে বলেও জানান তিনি।

১৬ এপ্রিল কুষ্টিয়ায় চালু হচ্ছে ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র

আগামী ১৬ এপ্রিল কুষ্টিয়ায় ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র চালু করা

হচ্ছে বলে জানিয়েছেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের কোষাধ্যক্ষ ও রোটারি ক্লাব অব কুষ্টিয়ার এডিশনাল গভর্নর অজয় সুরেকা।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় শহরের খেয়া রেস্তোরাঁয় রোটারি ক্লাব অব কুষ্টিয়া’র রেগুলার মিটিং ও ইফতার মাহফিলের আলোচনা সভায় এ তথ্য জানান তিনি।

কুষ্টিয়া শহরের ব্যস্ততম সড়ক এনএস রোডের জেলা পরিষদের অস্থায়ী কার্যালয়ের নিচে (বার্মিজ গলিতে) এই ভিসা আবেদন কেন্দ্র চালু করা হবে।

অজয় সুরেকা বলেন, কুষ্টিয়াসহ আশপাশের জেলার মানুষের সুবিধার্থে এখানে ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র চালু হবে। আর এর ফলে আশেপাশের জেলার মানুষের অনেক উপকার হবে।

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়ার গণ মানুষের নেতা মাহবুব আলম হানিফ এমপি মহোদয়ের সঠিক দিক নির্দেশনায় ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র চালু হলে কুষ্টিয়াসহ আশপাশে জেলার মানুষের অনেক উপকারে আসবে।

তিনি আরও বলেন, ভারত-বাংলাদেশ বন্ধুপ্রতিম প্রতিবেশী রাষ্ট্র। দু’দেশের চমৎকার সম্পর্ক বিরাজমান এবং ব্যবসা-বাণিজ্য প্রসারসহ সাহিত্য-সংস্কৃতিতে ঐতিহ্যগতভাবে যথেষ্ট মিল রয়েছে দেশ দুটির। পাশাপাশি ভারতীয় হাইকমিশনার থেকে প্রাপ্ত অ্যাম্বুলেন্সটি কুষ্টিয়ায় যে সেবা দিয়ে যাচ্ছে তা কুষ্টিয়াবাসীর অনেক উপকারে আসছে।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট আবু হাসান লিটনের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন রোটারি ক্লাব অব কুষ্টিয়ার ডিস্ট্রিক্ট সেক্রেটারি সৈয়দা হাবিবা, লেফটেন্যান্ট গভর্নর মো. ওবাইদুর রহমান, ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর ফখরুল আলম মিলন, প্রাক্তন সভাপতি মো. আকাম উদ্দিন ও হাজি মো. রফিকুল আলম টুকু, প্রেসিডেন্ট নমিনি (২০২৪-২৫) কেএম রুয়াইম রাব্বি, সেক্রেটারি তুষার বাবু রতন, কোষাধ্যক্ষ মো. জাহিদুল ইসলাম রনি, আবদুল খালেক, জাহিদ চৌধুরী, অধ্যাপক অজয় মৈত্র, মহব্বত হোসেন, সাব্বির আনসারী প্রমুখ।
গত ২৩ ডিসেম্বর রাজশাহীস্থ ভারতীয় সহকারী হাইকমিশনার মনোজ কুমার কুষ্টিয়ায় ভারতীয় ভিসা আবেদন কেন্দ্র চালুর সম্ভাব্য স্থান পরিদর্শন করেন এবং শীঘ্রই এটি চালু করণের জন্য ঘোষণা দেন।

কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খান কুষ্টিয়াবাসির জন্য আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, উন্নয়নের পুরোধা পুরুষ, আধুনিক কুষ্টিয়ার জনক মাননীয় সাংসদ কুষ্টিয়া-৩ জননেতা মাহবুব উল আলম হানিফ ভাইয়ের অক্লান্ত প্রচেষ্টায় কুষ্টিয়াবাসীর ভোগান্তি ও কষ্ট লাঘবের লক্ষ্যে, কুষ্টিয়ার প্রাণকেন্দ্র এন এস রোড,জেলা পরিষদ ভবনের নিচ তলায়, আগামী ১৬ই এপ্রিল,রোজ রবিবার উদ্বোধন হতে যাচ্ছে ভারতীয় ভিসা সেন্টার। তিনি বলেন, কুষ্টিয়াবাসির দীর্ঘদিনের প্রতিক্ষার অবসান হবে। আর রাজশাহী বা যশোর যেয়ে কষ্টকরে ভিসা আনতে যাওয়া লাগবে না।